বিচারের আশায় পিতা-মাতার ৪ বছর পার !

একমাত্র সন্তানকে হারিয়ে বাবা-মায়ের আকুতি শেষ পর্যন্ত ছেলের বিচার দেখে যেতে পারবো তো? দিন যায় রাত আসে, এক একটা দিন যেন হাজার বছরের সমান শুধু চেয়ে থাকি বিচারের পাল্লার দিকে কবে আমার সন্তান হত্যার বিচার পাবো?

বিচারের আশায় ৪টি বছর পার হয়ে গেছে। বুক ফাঁটা কান্নায় এমনটাই বলছিল ঝিনাইদহের শৈলকুপার হাবিবপুর গ্রামের গুম হওয়া যুবক রিয়াজুল ইসলাম লিপটনের পিতামাতা। ১ ভাই ৩ বোনের মধ্যে লিপটন সবার বড় এবং একমাত্র পরিবারের উপার্জনক্ষম ব্যক্তি।

একমাত্র পুত্র সন্তানকে হারিয়ে মা-বাবা এখন পাগলপ্রায়। ২০১৮ সালের ৪ জানুয়ারী লিপটন নিখোজ হয়। ৪ বছরেও লিপটন গুম রহস্য উন্মোচন হয়নি।

লিপটনের পিতা আঃ খালেক জানান আমার ছেলের সাথে উপজেলার পৌর এলাকার কাজীপাড়া গ্রামের মৃত কাজী আশরাফুল ইসলামের মেয়ে শারমিন আক্তার তানিয়ার ব্যবসায়িক সম্পর্ক ছিল।

আমার ছেলের ২টা ট্রাক ছিল আর তানিয়ার ভাটার ব্যবসা থাকায় সেই সুবাধে তাদের মধ্যে পরিচয়। আমার ছেলের নামে ছিল ট্রাক এর মালিকানা আর নমিনি হয়েছিল শারমিন আক্তার তানিয়া।

নিখোজ হওয়ার দিন তার বন্ধু বাবু মোটর সাইকেলযোগে ভাটায় নামিয়ে দিয়ে আসে । এরপর আমার ছেলে সেখান থেকে আর ফিরে আসেনি। আমি খোজ নিয়ে যতটা জেনেছি আমার ছেলেকে ভাটায় পুড়িয়ে মারা হয়েছে।

লিপটনের বন্ধু উপজেলার কবিরপুর গ্রামের বাবু শেখ জানান, লিপটন আমার বাল্যকালের বন্ধু, আমি তার কথামত মোটর সাইকেলযোগে আনুমানিক রাত ৮টার দিকে ভাটায় নামিয়ে দিয়ে বাসায় ফিরে আসে।

এরপর লিপটন তাকে বলেছিল কোথায় আছি কাউকে না জানাতে। অনেক খোজাখুজির পর তাকে পাওয়া না গেলে তার বাবা আমার কাছে লিপটন সম্পর্কে জানতে চাইলে আমি ভাটায় নামিয়ে দেওয়ার কখা বলি।

আমি যখন লিপটনকে নিয়ে যাচিছলাম তখন কয়েকবার তানিয়ার সাথে লিপটনের

কথা হয় এবং লিপটনকে ভাটায় একা একা যেতে বলে তানিয়া।

আঃ খালেক আরো জানান, আমার ছেলে নিখোজ হওয়ার পর প্রথমে আমি শৈলকুপা থানায় জিডি করি।পরে খোজ নিয়ে বুঝতে পারলাম আমার ছেলে আর এই দুনিয়ায় নেই তখন আমি ভাটা মালিকের বিরুদ্ধে ঝিনাইদহ ম্যাজিস্ট্রেট আদালতে পিটিশন মামলা দায়ের করি।

এরপর আদালতের নির্দেশে পিবি আই মামলাটি তদন্ত করে। পিবি আই তদন্ত রিপোর্ট দেওয়ার পর আদালত জে আর মামলা হিসাবে নিতে শৈলকুপা থানাকে নির্দেশ দেয়্ সেই মোতাবেক শারমিন আক্তার তানিয়াকে প্রধান আসামী করে ৯ জনের বিরুদ্ধে শৈলকুপা থানায় মামলা রুজু হয়।

এরপর জামিন নিতে গেলে তানিয়াকে জেল হাজতে প্রেরণ করা হয় ও ৩দিনের রিমান্ড এ আনা হয়। ২৫ দিন জেল খাটার পর সে জামিনে মুক্তি পায়। বর্তমান মামলাটি হাই কোর্টে দীর্ঘদিন স্থগিত আদেশে রয়েছে। কয়েকবার আমার আইনজীবি শুনানী করেছে। একের পর এক আসামী সময় নিয়ে কালক্ষেপন করায় কোন সুরাহা হয়নি।

আঃ খালেক চান আমার ছেলে যদি জিবীত থাকে তাহলে ফেরত চাই আর যদি আমার ছেলেকে হত্যা করা হয় তাহলে তার বিচার চাই।তিনি মহামান্য হাইকোর্টের প্রতি পূর্ণ আস্থা রেখে অতিদ্রুত এর সুরাহা চান।

এবিষয়ে শারমিন আক্তারের সাথে কথা বললে তিনি মামলাটি উচ্চ আদালতে স্থগিত হয়ে আছে বলে জানান।

শৈলকুপা থানা ওসি রফিকুল ইসলাম বলেন, শুনেছি মামলাটি উচ্চ আদালতে স্থগিত আদেশে আছে এর বেশী কিছু আমি জানি না।

মেহেরপুরে জাতীয় গ্রন্থাগার দিবস পালন

মেহেরপুরে জাতীয় গ্রন্থাগার দিবস উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে ।

শনিবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন।

অতিরিক্ত জেলা প্রশাসক নাজমুল হুদার সভাপতিত্বে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, পিপি পল্লব ভট্টাচার্য, প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা শিল্পকলা একাডেমীর সহ-সভাপতি নুরুল আহমদ প্রমূখ।

আলোচনা পরবর্তীতে রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরকে “সি” থেকে “বি” ক্যাটাগরির জেলায় উন্নীত করার প্রস্তাব অনুমোদন

ঐতিহাসিক গুরত্ব বিবেচনায় স্বাধীনতার স্মৃতি বিজড়িত মেহেরপুর জেলাকে “সি” ক্যাটাগরি থেকে “বি” ক্যাটাগরিতে উন্নীত করার জন্য মন্ত্রী পরিষদ বিভাগকে প্রস্তাবনা দেওয়া হয়েছে। যে প্রস্তাবনা প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুমোদন দিয়েছেন।

গত ৩ ফেব্রুয়ারি মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ অধিশাখার উপসচিব মোহাম্মদ সাইফুল ইসলাম ভুইয়া স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, স্বাধীনতার স্মৃতি বিজড়িত মুজিবনগর খ্যাত মেহেরপুর জেলা সি ক্যাটাগরির একটি জেলা। জেলাটি “সি” ক্যাটাগরির হওয়ায় পর্যাপ্ত জনবল ও বরাদ্দের অভাবে জেলা বিভিন্ন উন্নয়ন কার্যক্রম ব্যহত হচ্ছে। জাতির পিতার নামাঙ্কিত মুজিবনগরে বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস জানতে প্রতিনিয়তই ছাত্র-ছাত্রীসহ বিভিন্ন পর্যায়ের পর্যটক ভ্রমণ করে থাকেন। এমতাবস্থায় মেহেরপুর

জেলা ঐতিহাসিক গুরত্ব বিবেচনাপূর্বক জেলার উন্নয়ন কার্যক্রম ত্বরাণ্বিত করার লক্ষ্যেমেহেরপুর জেলাকে সি ক্যাটাগরি থেকে বি ক্যাটাগরির জেলাতে উন্নীত করা যেতে পারে।

আলমডাঙ্গার মাধবপুরে সমালায় চাষাবাদের চারা রোপন এর উদ্বোধন

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নের মাধবপুরে রবি ২০২১-২০২২ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসুচীর আওতায় কৃষি যন্ত্রপাতি সমালয়ে চাষাবাদের চারা রোপনের উদ্বোধন করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, আমরা প্রতিনিয়ত যাদের কাছে কৃতজ্ঞ তারা হলেন কৃষক। যারা এ দেশটাকে এগিয়ে নিয়ে নীরবে নিভৃতে কাজ করে যাচ্ছেন। দেশের জন্য যারা প্রতিদিনই কাজ করছেন সেই কৃষককূলকে ধন্যবাদ জানান। তাদের স্যালুট।

তিনি বলেন,আমরা বলি খাদ্য হচ্ছে ১ নং মৌলিক চাহিদা। কেউ যদি বলে ১টা মৌলিক চাহিদা রাখবেন তাহলে খাদ্যকেই মৌলিক চাহিদা হিসেবে রাখতে হয়। আমরা তিন বেলা খাদ্য খায়। আজকে সকালে যে রুটি এবং সবজি খেয়ে এসেছি। এতে কিন্তু কোন না কোন কৃষকের হাত ছিল। এ জন্য কৃতজ্ঞতা প্রকাশ কেরেতই হয়। জেলা প্রশাসক বলেন, আমাদের কবিরা বলে গেছেন কৃষকরা মাঠে সোনা ফলান। আমি বলি তার চেয়েও বেশি।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারি পরিচালক ড.আব্দুল মাজেদ এর সভাপতিত্বে ওই অনুণ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ কর্মকর্তা মোহাম্মদ আলী জিন্নাহ।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা কৃষি কর্মকর্তা হোসেন শহীদ সোহরাওয়ার্দী। সভায় আরও বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট সালমুন আহম্মেদ ডন, আলমডাঙ্গার সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, ডাউকি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তরিকুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন আলমডাঙ্গা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা।

উল্লেখ্যে সমালয় প্রকল্পে চাষাবাদের এলাকায় ১৫০ বিঘা জমিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বীজ তলা, ধান রোপন যন্ত্রদিয়ে চারা রোপন,সার প্রদানসসহ মেশিন দিয়ে ধান কর্তন ও মাড়াই করে কৃষকের ঘরে তুলে দেওয়া হবে বলে কৃষি কর্মকর্তা জানান।

মেহেরপুরে আরও ১১ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ১১ জন করোনায় আক্রান্ত হয়েছেন।

নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৪ জন, গাংনীতে ৭ জন। শুক্রবার রাতে জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৭০ টি। তারমধ্যে ১১ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ২২৩ জন। তার মধ্যে সদরে ১২৬ জন, গাংনীতে ৭৫ জন এবং মুজিবনগরে ২২ জন।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয়,মেহেরপুর আমঝুপির শিপলু (২৮), খন্দকারপাড়ার মদিনা খাতুন (৬৫), জেনারেল হাসপাতাল লিন্ডা মন্ডল (৩০), কলেজপাড়ার সাদাতুস সামি (১৬) গাংনী উপজেলার তেরাইলের জুয়েল (২৭), পশ্চিম মালশাদহের তোয়াজ আলী (৫৫), শাকিল (২৫), বাওটের খোকন (৫০), তেরাইলের রজনী (১৯), গাংনীর লাকী (২২), ইউএইচসি নুরুন্নাহার (৫৬),

আলমডাঙ্গায় বাংলাদেশ ৮৮ বন্ধু সংগঠনের প্রথম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

আলমডাঙ্গায় “বাংলাদেশ ৮৮” বন্ধু ব্যাচের প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

শুক্রবার সন্ধ্যায় আলমডাঙ্গার হাইরোডে কেক কেটে ও আলোচনা সভার মাধ্যমে এ কর্মসূচী পালিত হয়। আমেরিকা প্রবাসি রতন জমিদারের সার্বিক সহযোগিতায় আলমডাঙ্গা ছাড়াও একযোগে চুয়াডাঙ্গা, দামুড়হুদা, দর্শনা ও জীবননগরেও অনুরুপ কর্মসুচী পালন করা হয়।

আলমডাঙ্গায় দুর্যোগপূর্ণ আবহাওয়ার মধ্যে স্বল্প পরিসরে কেক কাটা অনুষ্ঠানে অনেকেই উপস্থিত ছিলেন। উপস্থিতির মধ্যে উল্লেখ্যযোগ্য হলেন আলমডাঙ্গা বন্ধু৮৮ ব্যাচের প্রধান মোবারেক হোসেন, বন্ধু সার্জেন্ট আলী, বাবলু রহমান,শাহাবুদ্দীন আহম্মেদ, মদন সাহা,আক্তার আর্মি, আরিফ হোসেন, রহমুল, আমিরুল ইসলাম চান্দু,মুকুল মাষ্টার,আবুল কালাম,নূর আব্দুল্লাহ, সোহাগ, ছানোয়ার হোসেন, শিলু,শাহিন, সেলিম, সন্টু, সিরাজুল ইসলাম, কামরুজ্জামান, মোস্তফা, শহিদুল ইসলাম,জগৎ পাল,ষষ্ঠি পাল,বশির, আমিরুল ইসলাম প্রমুখ। কেক কাটা অনুষ্ঠানে মোবারক হোসেন বলেন,আজকে বাংলাদেশ ৮৮ বন্ধু ব্যাচের প্রথম প্রতিষ্ঠ বার্ষিকী পালিত হলো।

আমেরিকা প্রবাসি রতন জমিদারের সার্বিক সহযোগিতায় এ অনুষ্ঠান আলমডাঙ্গা ছাড়াও একযোগে চুয়াডাঙ্গা,দামুড়হুদা,দর্শনা,জীবননগরেও পালন করা হলো। বাংলাদেশ ৮৮ ব্যাচের প্রথম প্রতিষ্ঠা বার্ষিকী স্বল্প পরিসরে পালন করা হলো।

আজকের এই অনুষ্ঠানে অনেক বন্ধু উপস্থিত হয়েছে। আবার দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে অনেক বন্ধু উপস্থিত হতে পারে নাই। যাহোক আমরা আজকের এই অনুষ্ঠানে আমার চাচা আমেরিকা প্রবাসি রতন জমিদারের জন্য দোয়া কামনা করি। তিনি সব সময় মানুষের পাশে থাকেন।

মুজিবনগর সৃতিসৌধ পরিদর্শন করলেন এশিয়ান টিভির চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান

মেহেরপুরের ঐতিহাসিক মুজিবনগর সৃতিসৌধ পরিদর্শন করেছেন এশিয়ান টেলিভিশনের চেয়ারম্যান আলহাজ্জ হারুন অর রশিদ সিআইপি ও রুপায়ন গ্রুপের চেয়ারম্যান এবং এশিয়ান টেলিভিশনের ভাইস চেয়ারম্যান এল এ মুকুল।

শুক্রবার দুপুরে সঙ্গীয়দের নিয়ে মুজিবনগর সৃতিসৌধ পরিদর্শন করেন তারা। তাদের সফর সঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন ওয়েষ্টার্ন ইঞ্জিনিয়ারিং প্রাইভেট লিমিটেডের পরিচালক মো: বশির আহমেদ,বিশিষ্ট ঠিকাদার আসাদুল হক মিল্টন প্রমুখ।

মুজিবনগর থেকে ফেরার পথে গাংনী বাজার বাসষ্ট্যান্ডে এশিয়ান টেলিভিশনের চেয়ারম্যান আলহাজ্জ হারুন অর রশিদ সিআইপি ও রুপায়ন গ্রুপের চেয়ারম্যান এল এ মুকুলকে ফুলেল শুভেচ্ছা জানান এশিয়ান টেলিভিশনের গাংনী প্রতিনিধি ও গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারন সম্পাদক মো: নুরুজ্জামান পাভেল।

এসময় গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সাধারন সম্পাদক এম এ লিংকন, মোহনা টিভির জেলা প্রতিনিধি ফারুক আহমেদ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ী আটক

মুজিবনগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে উপজেলার বাগোয়ান ইউনিয়নের মুজিবনগর আটকবর সড়কের হরেনের বটতলা নামক স্হান থেকে ৩০বোতল ভারতীয় ফেনসিডিল সহ সবুর নামে এক মাদক ব্যাবসায়ীকে আটক করেছে পুলিশ।

শুক্রবার সকাল ১১ টার সময় গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেহেদী রাসেলের নির্দেশে এস আই সজিব, এ এস আই নাজমুল, এ এস আই আসাদ সহ পুলিশের একটি দল মুজিবনগর আটকবর সড়কের হরেনের বট তলা নামক স্হানে মাদকবিরোধী অভিযান চালায়।

এসময় চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার মুন্সিপুর গ্রামের রমজান আলির ছেলে আব্দুর সবুরকে ৩০ বোতল ফেনসিডিল আটক করা হয়। এ ঘটনায় আব্দুর সবুরের নামে মামলা পক্রিয়াধীন চলছে।

মেহেরপুরে ১৪.৭ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড : দিনভর গুড়ি গুড়ি বৃষ্টি, স্থবির জনজীবন

বৃহস্পতিবার (৩ ফেব্রুয়ারী) রাত থেকেই মেহেরপুরে ঢেকে গেছে মেঘলা আকাশে। হিমেল হাওয়ার সাথে অবিরামভাবে হচ্ছে গুড়ি গুড়ি বৃষ্টি আর। গুড়ি গুড়ি বৃষ্টি আর শীতের কারনে স্থবির হয়ে পড়েছে জেলার জনজীবন।

ছুটির দিন শুক্রবার বৃষ্টির কারণে প্রয়োজন ছাড়া ঘর থেকে কেউ বের হচ্ছেন না। রাস্তাঘাটে মানুষের উপস্থিতিও কমে গেছে।
বৃষ্টি উপেক্ষা করে অনেককে ছাতা মাথায় নিয়ে তাদের প্রয়োজনীয় টুকিটাকি কাজ করতে দেখা গেছে। এদিকে ক্রেতা না থাকায় শহরের অনেক দোকান পাট বন্ধ রয়েছে।

বৃষ্টির সাথে হিমেল হাওয়ায় বেড়েছে শীতের তীব্রতা। বৃষ্টি ও হাড় কাঁপানো শীতে বেশি বিপাকে পড়েছেন খেটে খাওয়া নিরন্ন ও নিম্ন আয়ের মানুষ। কাজ না পেয়ে অনেককে অলস সময় কাটাতে দেখা গেছে।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাদুল হক জানান শুক্রবার বেলা ১২ টার সময় মেহেরপুর অঞ্চলে ১৪.৭ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। আগামীকাল পর্যন্ত একই ধরণের অবহাওয়া থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে।

গাংনী শহরের পাখি ভ্যান চালক টগর মিয়া ও আরজ আলী জানালেন, সারাদিনই টিপিটিপি বৃষ্টির কারণে কেউ বাইরে আসছেন না। সারাদিনে ১০০ টাকাও ভাড়া মারতে পারিনি।

মেহেরপুর শহরের বড় বাজার এলাকার সাগর মিয়া ও গোলাম রসুল জানান, প্রতিদিনই শ্রমিকের হাটে এসে বসলেই মহাজনরা এসে আমাদের নিয়ে যান। বৃষ্টির কারণে, কেউ নিতে আসেনি। আজকে শ্রম বিক্রি হবেনা। ছেলে মেয়ে নিয়ে কষ্টে কাটাতে হবে।
রাত থেকেই গুড়ি গুড়ি বৃষ্টি হচ্ছে। যে কারণে কাজে বের হওয়া যাচ্ছে না।

রিক্সা চালক আলম হোসেন জানালেন, শীতের কারণে রিক্সা চালানো যাচ্ছে না। তাছাড়াও বৃষ্টির কারণে শহরে লোকজনের উপস্থিতি কমে গেছে। ভাড়াও কম হচ্ছে যে কারণে নিরব বসে থাকতে হচ্ছে।

বেগমপুর ইউনিয়ন পরিষদে প্রধানমন্ত্রীর উপহার খাদ্য সামগ্রী বিতরণ

“জনসেবার জন্য প্রশাসন” এই স্লোগানে চুয়াডাঙ্গার বেগমপুর ইউনিয়ন পরিষদ চত্তরে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে ইউনিয়ন পরিষদ চত্বরে মাননীয়

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসাবে দুঃস্থ ও অসহায় জনগণের মাঝে শুকনা ও অন্যান্য খাদ্য সামগ্রী বিতরন করা হয়।

চুয়াডাঙ্গা সদর উপজেলা প্রশাসনের আয়োজনে এ খাদ্য সামগ্রী ইউনিয়নের ১২ জন ভুক্তভোগী দুঃস্থ ও অসহায় জনগণের মাঝে উপস্থিত থেকে বিতরন করেন বেগমপুর ইউপি সচিব ফয়জুর রহমান, ইউপি সদস্য জিল্লুর রহমান জুলমত।

এ প্রদানকৃত মোট ১৬ কেজি ৫০ গ্রাম খাদ্য সামগ্রীর মধ্যে ১০ কেজি মিনিকেট চাউল, ১ লিটার সোয়াবিন তৈল, ২ কেজি চিড়া, ১ কেজি দেশী মসুরীর ডাউল, ১ কেজি চিনি, ১ কেজি আয়োডিন যুক্ত লবণ, ও ৫০০শত গ্রাম ওজনের ১ প্যাকেট নুডুলস।